গাংনীতে জমি সংক্রান্ত বিরোধ, একই পরিবারের তিনজনকে পিটিয়ে আহত

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে একই পরিবারের নারীসহ ৩ ব্যক্তিকে পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষরা।

আহতরা হলেন, গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজ পাড়ার বাসিন্দা জিয়া
(৪৫) তার স্ত্রী মাহিনুর খাতুন (৩৮) ও ছেলে বায়োজিদ হোসেন (১৭)।

মাহিনুর খাতুন ও তার ছেলে বায়োজিদ হোসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রয়েছেন। প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছে জিয়া।

জানা গেছে, ৪৬ শতক জমি নিয়ে জিয়া ও শিশিরপাড়া গ্রামের মুন্নাফ হোসেনের মধ্যে দীর্ঘদিন যাবৎ হাইকোর্টে মামলা চলছে। জমিটি দখল নিতে মুন্নাফ ও সুরাত আলীর নেতৃত্বে তাদের লোকজন গত শুক্রবার সকালের দিকে তাদের বাড়িতে হামলা চালিয়ে মারপিট করে।

এঘটনায় গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে বলে জানান ভ’ক্তভোগী জিয়া।